

সোয়াইন ফ্লু ভাইরাস অপ্রতিরোধ্য

বিশ্ব স্বাস্থ্য সংস্থার হুশিয়ারি

ইনকিলাব ডেস্ক : বিশ্ব স্বাস্থ্য সংস্থা হুশিয়ারি উচ্চারণ করেছে, সারা বিশ্বে সোয়াইন ফ্লু অপ্রতিরোধ্য হয়ে উঠেছে। গতকাল মেক্সিকোর কানকুনে শুরু সোয়াইন ফ্লু ভাইরাসের বিস্তার রোধের কৌশল নির্ধারণ সংক্রান্ত দু'দিনব্যাপী সম্মেলনে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান মার্গারেট চ্যান এই হুশিয়ারি উচ্চারণ করেন। সম্মেলনে ব্রিটেন জানায়, আগস্টের শেষ নাগাদ তাদের দেশে এক লাখ লোক এই রোগে আক্রান্ত হতে পারে। এদিকে দক্ষিণ আমেরিকার বেশ কিছু এলাকাকে জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ বলে ঘোষণা দেয়া হয়েছে। প্যারাগুয়ে ও এল সালভাদরে প্রথমবারের মত এই রোগে দু'জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। খবর এএফপি ও বিবিসি'র।

এদিকে, চীনে সোয়াইন ফ্লু (এইচ১এন১) ভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজন মহিলার মৃত্যুর খবরে প্রাথমিকভাবে উদ্বেগ ছড়িয়ে পড়েছে। অপরদিকে চীনে হাসপাতালে চিকিৎসাধীন এক সোয়াইন ফ্লু রোগী বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যাওয়ার পর তার উত্তেজিত আত্মীয়-স্বজনরা একটি অ্যাম্বুলেন্সে পাথর নিক্ষেপ করেছে। সংবাদ সংস্থা সিনহুয়া জানায়, সোয়াইন ফ্লু রোগে আক্রান্ত ৩৪ বছর বয়সী এক মহিলার মৃত্যুর একদিন পর বৃহস্পতিবার তার ২০ জনের বেশি আত্মীয়-স্বজন চীনের পূর্বাঞ্চলীয় হাংঝৌ নগরীর ১ নম্বর পিপলস হাসপাতালে হামলা চালায়।

সিনহুয়া জানায়, বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মহিলার প্রাণহানি ঘটেছে বলে সন্দেহ করা হচ্ছে। মহিলার আত্মীয়-স্বজন হাসপাতাল ত্যাগের আগে একটি অ্যাম্বুলেন্সে পাথর নিক্ষেপ ও অন্যান্য সম্পদের ক্ষতি সাধন করে। হাংঝৌ পুলিশ শুক্রবার জানায়, ময়নাতদন্তে দেখা গেছে যে, বৈদ্যুতিক শকে তার মৃত্যু হয়েছে। তবে বিস্তারিত কোন তথ্য জানানো হয়নি।

এদিকে সিনহুয়ার খবরে বলা হয়, মহিলার দেহে সোয়াইন ফ্লু'র কোন লক্ষণ দেখা যায়নি। এ মহিলা ২৩ জুন হাসপাতালে ভর্তি হন।
